গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
(জে.এম. শাখা)
www.brahmanbaria.gov.bd

নং- ০৫.৪২.১২০০.০১৪.১৮(২).০২২.২৪- ৫৩

তারিখ: ৩০ পৌষ ১৪৩০
১৪ জানুয়ারি ২০২৪

**আগ্নেয়াস্ত্র লাইসেন্স বাৎসরিক নবায়ন সংক্রান্ত গণবিজ্ঞপ্তি**

এতদ্বারা ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল প্রকার বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের রাজনৈতিক শাখা-৪ এর ০৫ ডিসেম্বর ২০২৩ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২১-৬২৮ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের আলোকে জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক ইস্যুকৃত এবং অন্য জেলা হতে এ জেলায় স্থানান্তরকৃত আগ্নেয়াস্ত্র লাইসেন্সের ২০২৪ সনের জন্য নবায়ন কার্যক্রম নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক নির্ধারিত স্থানে সম্পন্ন করা হবে। উক্ত নবায়ন কার্যক্রম সম্পাদনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হলো। নির্ধারিত স্থানে যথাসময়ে আগ্নেয়াস্ত্র ও লাইসেন্সসহ উপস্থিত হয়ে স্ব স্ব আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২। সরকার নির্ধারিত লাইসেন্স নবায়ন ফি এবং ১৫% ভ্যাট ট্রেজারী চালান (ফরম নং- ৬) এর মাধ্যমে যথাক্রমে কোড নং ১-২২১১-০০০০-১৮৫৯ (নবায়ন ফি) এবং ১-১১৩৩-০০৪০-০৩১১ (ভ্যাট) খাতে সোনালী ব্যাংকের যে কোনো শাখায় অথবা ই-চালানের মাধ্যমে যে কোন ব্যাংক শাখায় নির্ধারিত তারিখের মধ্যে জমা প্রদান করত: চালানের মূলকপি নবায়নের সময় নবায়নকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে এবং সংশ্লিষ্ট আগ্নেয়াস্ত্র প্রদর্শন করতে হবে। আগ্নেয়াস্ত্র থানায় জমা থাকলে লাইসেন্সধারীকে লাইসেন্স নবায়নের সময় থানায় আগ্নেয়াস্ত্র জমার সংশ্লিষ্ট প্রমাণাদি প্রদর্শন করতে হবে। ট্রেজারি চালানে লাইসেন্সধারীর নাম, পিতার নাম, ঠিকানা, লাইসেন্স নম্বর সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে। অসম্পূর্ণ চালান গ্রহণ করা হবে না।

**বাৎসরিক লাইসেন্স নবায়ন ফি ও ভ্যাটের হার নিম্নরূপঃ**

| লাইসেন্সধারীর ক্যাটাগরি | আগ্নেয়াস্ত্রের ধরণ | নবায়ন ফি | নবায়ন ফি'র উপর প্রদেয় ১৫% ভ্যাট |
|---|---|---|---|
| ব্যক্তি পর্যায়ে | পিস্তল/রিভলবার | ১০,০০০/- | ১,৫০০/- |
| | বন্দুক/শর্টগান/রাইফেল | ৫,০০০/- | ৭৫০/- |
| আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে | লং ব্যারেল | ৫,০০০/- | ৭৫০/- |
| প্রতিষ্ঠান পর্যায়ে | লং ব্যারেল | ১০,০০০/- | ১,৫০০/- |
| **নবায়ন ফি ও ভ্যাট জমা দেয়ার কোড নম্বর -** | | **১-২২১১-০০০০-১৮৫৯** | **১-১১৩৩-০০৪০-০৩১১** |
| **ই-চালান কোড নম্বর -** | | **১৪২২১০২** | **১১৪১১০১** |

৩। সনদপ্রাপ্ত (সরকারি গেজেটে বিজ্ঞাপিত) মুক্তিযোদ্ধা এবং জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ ও তদূর্ধ্ব গ্রেডভূক্ত চাকুরিরত/অবসরপ্রাপ্ত সরকারি ক্যাডার সার্ভিস কর্মকর্তাদের ক্ষেত্রে লাইসেন্স নবায়ন ফি প্রযোজ্য হবে না।

৪। আগ্নেয়াস্ত্র লাইসেন্স বাৎসরিক নবায়নের সময় নিম্নোক্ত কাগজপত্র আবশ্যিকভাবে সঙ্গে আনতে হবে:

| | |
|---|---|
| **ব্যক্তি পর্যায়ে** | আগ্নেয়াস্ত্র লাইসেন্সের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, পাসপোর্ট সাইজের ছবি- ১টি। |
| **ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের জন্য** | শাখার ট্রেড লাইসেন্সের কপি, প্রধান শাখার টিন সার্টিফিকেট, শাখা ব্যবস্থাপকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, পাসপোর্ট সাইজের ছবি- ১টি। |

**লাইসেন্স নবায়নের সময়সূচিঃ**

| ক্রম | উপজেলার নাম | নবায়নের স্থান | তারিখ | কর্মকর্তার নাম ও পদবি | প্রতিকল্প কর্মকর্তার নাম ও পদবি |
|---|---|---|---|---|---|
| ০১ | আখাউড়া | জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া | ১৫-১৬ জানুয়ারি ২০২৪ | জনাব ফয়সাল আহমেদ সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা জুডিশিয়াল মুন্সিখানা শাখা জেলাপ্রশাসকের কার্যালয় ব্রাহ্মণবাড়িয়া | ১। জনাব নাহিদা আক্তার, সিনিয়র সহকারী কমিশনার, জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া<br>২। জনাব মোহাম্মদ জামশেদুল আলম, সিনিয়র সহকারী কমিশনার, জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া<br>৩। জনাব এহসানুল হক শিপন, সহকারী কমিশনার, জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া<br>৪। জনাব মোঃ শরীফ নেওয়াজ, সহকারী কমিশনার, জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া<br>৫। জনাব মো: তৌহিদুল ইসলাম, সহকারী কমিশনার, জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া<br>৬। জনাব মোঃ ইকরামুল হক নাহিদ, সহকারী কমিশনার, জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া<br>৭। জনাব নুসরাত জাবীন, সহকারী কমিশনার, জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া<br>৮। জনাব উম্মে সালমা রুমা, সহকারী কমিশনার, জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া |
| ০২ | নবীনগর | | ১৭-১৮, ২১ জানুয়ারি ২০২৪ | | |
| ০৩ | সরাইল | | ২২-২৪ জানুয়ারি ২০২৪ | | |
| ০৪ | বিজয়নগর | | ২৫,২৮-২৯ জানুয়ারি ২০২৪ | | |
| ০৫ | বাঞ্ছারামপুর | | ৩০-৩১ জানুয়ারি ২০২৪ | | |
| ০৬ | কসবা | | ০১,০৪-০৬ ফেব্রুয়ারি ২০২৪ | | |
| ০৭ | আশুগঞ্জ | | ০৭-০৮,১১ ফেব্রুয়ারি ২০২৪ | | |
| ০৮ | নাসিরনগর | | ১২-১৪ ফেব্রুয়ারি ২০২৪ | | |
| ০৯ | ব্রাহ্মণবাড়িয়া সদর | | ১৫,১৮-২০ ফেব্রুয়ারি ২০২৪ | | |
| ১০ | অন্যান্য জেলা | | ২২,২৫,২৭ ফেব্রুয়ারি ২০২৪ | | |

৫। নির্ধারিত সময়ের মধ্যে কোনো আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী তার লাইসেন্স নবায়ন করতে ব্যর্থ হলে ২৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়ার জুডিশিয়াল মুন্সিখানা শাখায় লাইসেন্স নবায়ন করতে পারবেন।

১৪/০১/২০২৪

মোহাম্মদ হাবিবুর রহমান
জেলা ম্যাজিস্ট্রেট
ব্রাহ্মণবাড়িয়া
☎ ০২-৩৩৪৪২৭৭১২
ই-মেইল: dcbrahmanbaria@mopa.gov.bd

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম

৩) বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল)

৪) পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, ব্রাহ্মণবাড়িয়া (কোন লাইসেন্স নবায়নে আপত্তি থাকলে নবায়নের নির্ধারিত তারিখের পূর্বে সে সম্পর্কে প্রতিবেদন প্রেরণসহ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৫) জেলা তথ্য কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া (বিজ্ঞপ্তিটি জেলা সদরসহ প্রত্যেক উপজেলায় মাইকযোগে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া (বিজ্ঞপ্তিটি তাঁর উপজেলায় সকল ইউনিয়নে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৭) সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, জুডিশিয়াল মুন্সিখানা শাখা, জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া

৮) জনাব......................................., সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (সকল), জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।

৯) অফিসার ইন-চার্জ, সকল থানা, ব্রাহ্মণবাড়িয়া

১০) সম্পাদক, ..........................., ব্রাহ্মণবাড়িয়া (বিজ্ঞপ্তিটি ০১ দিনের জন্য তাঁর পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তি হিসেবে প্রকাশের জন্য অনুরোধ করা হলো [বিজ্ঞাপন হিসেবে নয়])

১১) প্রোগ্রামার, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোডের জন্য)